# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 02-09-2026** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশবাসীকে স্বদেশি পণ্য ব্যবহারের আহ্বান জানিয়েছেন। দেশে ৭ দশমিক ৮ শতাংশ অর্থনৈতিক বিকাশের জন্য জনগণকে ধন্যবাদ জানিয়েছেন তিনি ।

# তিনি আজ নতুন দিল্লীতে জলশক্তি মন্ত্রকের বিভাগীয় সম্মেলনের সমাপ্তি অধিবেশনে ভাষণ দেবেন।

২) নেপালে চলতি উদ্ধার ও ত্রাণ কার্যক্রমে ভারত সর্বাত্মক সহায়তা অব্যাহত রেখেছে বলে বিদেশ মন্ত্রী ড. এস. জয়শঙ্কর জানিয়েছেন ।

৩) ভারত বর্তমান ত্রৈমাসিকে সাত থেকে আট শতাংশ বৃদ্ধির হার অতিক্রম করে আরও এগিয়ে যাওয়ার সম্ভাবনা রাখে বলে বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট অজয় বাঙ্গা জানিয়েছেন।

৪) ভারত-আফগানিস্তান যৌথ বাণিজ্য কর্মসমিতি দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা আরও জোরদার করার পদক্ষেপ পর্যালোচনার জন্য বৈঠক করেছে।

৫) এনফোর্সমেন্ট নির্দেশালয় (ইডি) অবৈধ বেটিং প্ল্যাটফর্ম 'পরি ম্যাচ' ও জাতীয় সড়ক কর্তৃপক্ষের বিরুদ্ধে অর্থ তছরুপের অভিযোগে একাধিক জায়গায় তল্লাশি অভিযান চালাচ্ছে।

৬) চীন ওপেন ব্যাডমিন্টন টুর্নামেন্টে ভারতের কিদাম্বি শ্রীকান্ত আজ দ্বিতীয় রাউন্ডে পৌঁছেছেন।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশবাসীকে স্বদেশি পণ্য ব্যবহারের আহ্বান জানিয়েছেন। একইসঙ্গে তিনি অপ্রয়োজনীয় সোনা কেনা, বিদেশে বিবাহ অনুষ্ঠান এবং অবকাশযাপনের জন্য বিদেশ ভ্রমণ এড়িয়ে চলার আবেদন জানিয়েছেন।

এক ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী বলেন, দেশকে আত্মনির্ভর করে তুলতে স্বদেশি পণ্যের ব্যবহার বাড়াতে হবে। আরও গুরুত্ব দিতে হবে দেশীয় উৎপাদনের ওপর।

(বাইট – প্রধানমন্ত্রী)

ভারতের ৭ দশমিক ৮ শতাংশ অর্থনৈতিক বিকাশের জন্য দেশবাসীকে অভিনন্দন জানিয়ে শ্রী মোদি বলেন, বিশ্বজুড়ে অনিশ্চয়তা, যুদ্ধ, সংকট এবং সরবরাহ-শৃঙ্খলে বিঘ্ন সত্ত্বেও দেশ দ্রুত এগিয়ে চলেছে।

প্রধানমন্ত্রী বলেন, দেশের কিছু মানুষ হতাশা থেকে মিথ্যা প্রচার করে চলেছেন। তবে বর্তমানের কঠোর পরিশ্রমের ফলেই আগামী দিনে দেশের যুবসমাজের স্বপ্ন বাস্তবায়িত হবে।

জাতীয় বিকাশে নাগরিকদের অবদান জুগিয়ে চলার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, সরকারের নীতি ও উদ্দেশ্যে কোনো ভুল নেই। দেশবাসীর সম্মিলিত প্রচেষ্টায় ভারত আরও শক্তিশালী ও আত্মনির্ভর হয়ে উঠবে।

উল্লেখ্য, তেলের পর সোনা ভারতের দ্বিতীয় বৃহত্তম আমদানি পণ্য। ফলে অপ্রয়োজনীয়ভাবে বিপুল পরিমাণ সোনা কেনা বন্ধ হলে দেশের সামগ্রিক আমদানি ব্যয় উল্লেখযোগ্যভাবে কমানো সম্ভব।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে জলশক্তি মন্ত্রকের বিভাগীয় সম্মেলনের সমাপ্তি অধিবেশনে ভাষণ দেবেন। দুদিনের এই সম্মেলন টিম ইন্ডিয়ার ভাবনাকে আরও

সুদৃঢ় করতে এবং সহযোগিতামূলক যুক্তরাষ্ট্রীয় কাঠামোকে আরও মজবুত করার লক্ষ্যে আয়োজন করা হয়েছে। এই সম্মেলনে কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে সমন্বয় বাড়াতে গুরুত্বপূর্ণ বিষয়গুলির ওপর অগ্রাধিকার সহযোগে আলোচনা হচ্ছে। উদ্যোগ নেওয়া হয়েছে নির্দিষ্ট সময়সীমার মধ্যে বাস্তবায়নযোগ্য কর্ম পরিকল্পনা গ্রহণেরও।

সম্মেলনে চারটি ক্ষেত্রের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। এগুলি হল, জল পরিকাঠামো প্রকল্পগুলির সঠিক সময়ে বাস্তবায়ন, জলসঞ্চয় জনভাগিদারী-ক্যাচ দ্য রেইন, স্থিতিশীল পানীয় জলের উৎস এবং দ্বিতীয় পর্যায়ে জলজীবন মিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নেপালে চলতি উদ্ধার ও ত্রাণ কার্যক্রমে ভারত সর্বাত্মক সহায়তা অব্যাহত রেখেছে। ত্রাণসামগ্রী, বিশেষ সরঞ্জামসহ ১১ সদস্যের উদ্ধারকারী দল এবং ৫.৫ টন জরুরি ওষুধ ও উদ্ধার সামগ্রী নিয়ে পঞ্চম ভারতীয় বিমান আজ নেপালের উদ্দেশ্যে রওনা হয়েছে বলে বিদেশ মন্ত্রী ড. এস. জয়শঙ্কর সামাজিক মাধ্যমে এক পোস্টে জানিয়েছেন ।

এদিকে, ১৯ সদস্যের ভারতীয় ফরেনসিক দল নেপালের সাম্প্রতিক আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্তদের শনাক্ত করতে ডিএনএ নমুনা বিশ্লেষণ শুরু করেছে। ভারতীয় দূতাবাস জানিয়েছে, দলটি কাঠমান্ডু ভ্যালির খুমালতার এলাকায় অবস্থিত নেপাল পুলিশ সেন্ট্রাল ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরি এবং ন্যাশনাল ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরিতে কাজ শুরু করেছে।

নেপালে ভয়াবহ বন্যায় মৃতের সংখ্যা ১,১০০ ছাড়িয়ে গেছে। নেপালের ন্যাশনাল ডিজাস্টার রিস্ক রিডাকশন অ্যান্ড ম্যানেজমেন্ট অথরিটির তথ্য অনুযায়ী, গত সপ্তাহের বন্যায় এখনও  পর্যন্ত ১ হাজার ১১4 জনের মৃতদেহ  উদ্ধার করা সম্ভব হয়েছে। সবচেয়ে বেশি মৃতদেহ উদ্ধার করা হয়েছে চিতওয়ান জেলা থেকে।

পুলিশ জানিয়েছে, এখনও ৪,৬০৬ জন নিখোঁজ রয়েছেন, যার মধ্যে ৫৮৩ জন বিদেশি । এর ফলে মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে ।

oooooooooooooooooooooooo

ভারত তার বর্তমান ত্রৈমাসিকে সাত থেকে আট শতাংশ বৃদ্ধির হার অতিক্রম করে আরও এগিয়ে যাওয়ার সম্ভাবনা রাখে বলে বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট অজয় বাঙ্গা জানিয়েছেন। তিনি বলেন, আন্তর্জাতিক জ্বালানি ক্ষেত্রে চাপ, বাণিজ্যে অনিশ্চয়তা এবং এল নিনোর প্রভাব সত্ত্বেও ভারতের সাম্প্রতিককালে অর্থনৈতিক ক্ষেত্রে দৃঢ় ফলাফল বজায় রেখেছে ।

উত্তর ক্যারোলিনার অ্যাশভিলে অনুষ্ঠিত জি-২০ অর্থমন্ত্রীদের বৈঠকের ফাঁকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, সর্বশেষ বৃদ্ধির পরিসংখ্যান ভারতের অন্তর্নিহিত অর্থনীতির শক্তি প্রতিফলিত করছে।

শ্রী বাঙ্গা বলেন, পরিষেবা খাত ও রপ্তানির বৃদ্ধি, পাশাপাশি অব্যাহত বিনিয়োগ ভারতের অগ্রগতিকে আরও শক্তিশালী করছে। তিনি বলেন, সড়ক, সেতু, বিমানবন্দর, বিদ্যুৎ, জল এবং ডিজিটালাইজেশনে ভারত উল্লেখযোগ্য কাজ করছে।

(বাইট – অজয় বাঙ্গা)

জি-২০ অর্থমন্ত্রীদের বৈঠকের ফাঁকে শ্রী বাঙ্গা অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের সঙ্গে পর্যটন ও ক্ষুদ্র-মাঝারি শিল্পের সুযোগ নিয়ে আলোচনা করেন ।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন গতকাল মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যাশভিলে অনুষ্ঠিত জি-২০ অর্থমন্ত্রী ও কেন্দ্রীয় ব্যাংক গভর্নরদের বৈঠকের ফাঁকে ইউরোপীয় কমিশনের অর্থ বিষয়ক কমিশনার ভ্যালডিস ডোমব্রোভস্কিস-এর সঙ্গে সাক্ষাৎ করেন। অর্থ মন্ত্রকের এক বিবৃতিতে জানানো হয়েছে, ভারত-ইইউ ম্যাক্রোইকোনমিক ডায়লগ এবং ট্রেড অ্যান্ড

টেকনোলজি কাউন্সিল এর মাধ্যমে ভারত এবং EU এর মধ্যে অর্থনৈতিক ও আর্থিক অংশীদারিত্ব আরও গভীর করার বিষয়ে আলোচনা হয়েছে ।

অর্থমন্ত্রী সীতারামন ও ডোমব্রোভস্কিস চলতি ভারত- EU মুক্ত বাণিজ্য চুক্তি এবং বিনিয়োগ সুরক্ষা চুক্তি নিয়ে আলোচনাও করেন। গুরুত্বপূর্ণ কাঁচামাল ও প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতা বাড়িয়ে স্থিতিশীল ও বহুমুখী সরবরাহ শৃঙ্খল গড়ে তোলার বিষয়েও উভয়ের মধ্যে মতবিনিময় হয়।

পাশাপাশি, ফিনটেক, কৃত্রিম বুদ্ধিমত্তা ও জেনারেটিভ এআই-এ সহযোগিতা বাড়ানোর সুযোগ খুঁজে দেখার পাশাপাশি ভারতীয় ও ইউরোপীয় স্টার্ট-আপগুলির মধ্যে আরও ঘনিষ্ঠ সম্পৃক্ততা বাড়ানোর ওপরেও তাঁরা গুরুত্ব আরোপ করেন।

oooooooooooooooooooooooo

বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মারগেরিটা বলেছেন, ইন্দো-প্যাসিফিক অঞ্চলে ভারতের দৃষ্টিভঙ্গি, আন্তর্জাতিক আইন, সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডতার প্রতি শ্রদ্ধা, নৌপরিবহন ও আকাশপথে স্বাধীন চলাচল, বৈধ বাণিজ্য এবং শান্তিপূর্ণভাবে বিরোধ নিষ্পত্তির ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। গতকাল পালাউয়ের কোররে অনুষ্ঠিত ৫৫তম প্যাসিফিক আইল্যান্ডস ফোরাম নেতাদের বৈঠকের ডায়ালগ পার্টনার সেশনে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ভারত প্রশান্ত মহাসাগরকে দূরবর্তী অঞ্চল হিসেবে নয়, বরং যৌথ ইন্দো-প্যাসিফিকের অবিচ্ছেদ্য অংশ হিসেবে দেখে।

শ্রী মারগেরিটা আরও বলেন , আন্তর্জাতিক সৌর জোট, দুর্যোগ সহ্য করার পরিকাঠামো জোট এবং গ্লোবাল বায়োফুয়েল অ্যালায়েন্সের মাধ্যমে ভারতের অবদান এবং ইন্দো-প্যাসিফিক জুড়ে মানবিক সহায়তা ও দুর্যোগ মোকাবিলায় ভারতের যোগাযোগ ক্রমশ শক্তিশালী হচ্ছে।

বিদেশ প্রতিমন্ত্রী ৫৫তম প্যাসিফিক আইল্যান্ডস ফোরাম নেতাদের বৈঠকের ফাঁকে টোঙ্গার প্রধানমন্ত্রী লর্ড ফাকাফানুয়ার সঙ্গে সাক্ষাৎ করেন। বৈঠকে ভারত-টোঙ্গা অংশীদারিত্ব আরও জোরদার করার বিষয়ে আলোচনা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত-আফগানিস্তান যৌথ বাণিজ্য কর্মসমিতি দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা আরও জোরদার করার পদক্ষেপ পর্যালোচনার জন্য বৈঠক করেছে। বাণিজ্য ও শিল্প মন্ত্রক জানিয়েছে, গতকাল ভার্চুয়ালি অনুষ্ঠিত আলোচনায় বাণিজ্য সহজ করা ও শুল্ক সহযোগিতা, আফগান ব্যবসায়ীদের জন্য ভিসা সুবিধা, ব্যাংকিং ও আর্থিক সহযোগিতা , ওষুধ ও কৃষি সংক্রান্ত বাণিজ্য, জ্বালানি সহযোগিতা, বিনিয়োগ ও বাণিজ্যের প্রচার, শুল্ক ছাড়, কার্গো সংযোগ এবং বন্দর-সংক্রান্ত ক্ষেত্রগুলিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণের বিষয়ে একমত হয়েছে ।

উভয় দেশই বাণিজ্যিক সম্পর্ক ও বিনিয়োগ আরও জোরদার করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে এবং আলোচিত বিষয়গুলিতে ধারাবাহিকযোগাযোগ বজায় রাখার বিষয়ে সম্মত হয়েছে। বৈঠকে দুই দেশের বাণিজ্য, শিল্প, শুল্ক নিয়ন্ত্রক কর্তৃপক্ষ এবং কূটনৈতিক প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অবৈধ বেটিং প্ল্যাটফর্ম 'পরি ম্যাচ' ও অন্যান্যদের বিরুদ্ধে দায়ের করা মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয় (ইডি) বিভিন্ন রাজ্যের মোট ১২টি জায়গায় তল্লাশি অভিযান চালাচ্ছে। অর্থ তছরুপ প্রতিরোধ আইন পিএমএলএ-র আওতায় মহারাষ্ট্রের পাঁচটি, জাতিয় রাজধানী অঞ্চল দিল্লির চারটি, রাজস্থানের দুটি এবং গুজরাটের একটি জায়গায় এই অভিযান চলছে। যে সব কোম্পানি ক্যাশ ম্যানেজমেন্ট সিস্টেম এজেন্টদের মাধ্যমে বেটিং থেকে অর্জিত অর্থ নগদে রূপান্তরিত করেছে ইডি সেইসব কম্পানিতেই এই তল্লাশি চালাচ্ছে। এছাড়া যেসব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট (সিএ) ও

কোম্পানি সেক্রেটারি অবৈধভাবে এই অর্থ বিদেশে পাঠাতে সহায়তা করেছেন এবং যেসব পেমেন্ট গেটওয়ে 'পরি ম্যাচ'-এর হয়ে অর্থ জমা ও তোলার কাজ পরিচালনা করেছে, তাদের কার্যালয়েও তল্লাশি চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় সড়ক কর্তৃপক্ষ NHAI-এর বিরুদ্ধে টোল প্লাজাগুলিতে টোল আদায়ে কারচুপির অভিযোগে এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি উত্তর প্রদেশ, রাজস্থান, মহারাষ্ট্র, জম্মু, মধ্য প্রদেশ, জাতীয় রাজধানী অঞ্চল দিল্লি এবং কলকাতার ১৪টি জায়গায় তল্লাশি চালাচ্ছে। তছরুপ প্রতিরোধ আইন পিএমএলএ-র আওতায় এই তল্লাশি করা হচ্ছে। NHAI অনুমোদনহীন টোল রশিদ তৈরি এবং সরকারি হিসাবের বাইরে টোল আদায়ের টাকা অন্য খাতে সরিয়ে নিতে বেআইনি সফটওয়্যার ব্যবহার করেছে বলে অভিযোগ। ফরেনসিক পরীক্ষা এবং NHAI-এর রেকর্ড থেকেও এই ধরনের সফটওয়্যার ব্যবহারের প্রমাণ পাওয়া গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ বা ক্রিটিক্যাল মিনারেল নিয়ে আরও নিবিড়ভাবে কাজ করতে সম্মত হয়েছে। অর্থমন্ত্রী নির্মলা সীতারমন এবং মার্কিন ট্রেজারি সচিব স্কট বেসেন্টের মধ্যে বৈঠকের পর এই সিদ্ধান্ত নেওয়া হয়। এর লক্ষ্য, দুই দেশের দীর্ঘদিনের অর্থনৈতিক অংশীদারিত্বকে আরও শক্তিশালী করা।

গতকাল নর্থ ক্যারোলিনার অ্যাশভিলে জি-২০-র অর্থমন্ত্রী ও কেন্দ্রীয় ব্যাঙ্কের গভর্নরদের বৈঠকের ফাঁকে দুই নেতার মধ্যে এ সংক্রান্ত আলাপ আলোচনা হয়।

উভয় পক্ষই দুই দেশের দীর্ঘদিনের সম্পর্কের কথা স্মরণ করে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও বাড়ানোর অঙ্গীকার করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উপরাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন আজ ছত্তিসগড়ের রায়পুরে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিকেল সায়েন্সেসের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাদক সেবন না করা এবং অন্যদেরও মাদক সেবনে উৎসাহিত না করার আহ্বান জানিয়েছেন। ছত্তিশগড়কে নকশালমুক্ত করার প্রচেষ্টার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাইয়ের প্রশংসা করেন উপরাষ্ট্রপতি। তিনি ডিগ্রিপ্রাপ্ত সকল শিক্ষার্থীদের অভিনন্দন জানান এবং স্বর্ণপদক বিজয়ীদের হাতে পদক ও শংসাপত্র তুলে দেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ছত্তিশগড়ের রাজ্যপাল রামেন, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং রসায়ন ও সার প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল, ছত্তিশগড়ের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী শ্যাম বিহারী জয়সওয়াল এবং রায়পুরের সাংসদ ব্রিজমোহন আগরওয়াল।

ooooooooooooooooooooooooo

দিল্লিতে অবৈধভাবে বসবাসকারী দুই বাংলাদেশী নাগরিককে আটক করেছে দিল্লি পুলিশ। দিল্লি পুলিশ এক বিবৃতিতে জানিয়েছে, ওই দুই ব্যক্তি বৈধ ভিসা ছাড়া গত মাসে ভারতে প্রবেশ করে।

বিবৃতিতে আরও বলা হয়েছে, ওই দুই বাংলাদেশি নাগরিককে নির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য দিল্লির সরাই রোহিল্লাতে বাংলাদেশী ডিটেনশন সেন্টারে রাখা হয়েছে।

ooooooooooooooooooooooooo

বেলজিয়ামের প্রধানমন্ত্রী বার্ট ডে ভেভার আজ থেকে তিন দিনের ভারত সফরে আসছেন। সফরকালে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। বৈঠকে দুই দেশের সম্পর্কের পূর্ণাঙ্গ পরিসর এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক পারস্পরিক

স্বার্থের বিষয় নিয়ে আলোচনা হবে।প্রধানমন্ত্রী ডে ভেভার ভারত-ইইউ মুক্ত বাণিজ্য চুক্তির প্রেক্ষাপটে একটি ব্যবসায়িক অনুষ্ঠানে মূল বক্তব্য রাখবেন ।

তাঁর মুম্বই সফর কালে তিনি ,হীরে , বন্দর এবং লজিস্টিক ক্ষেত্রের বিভিন্ন অংশীদারদের সঙ্গে মতবিনিময় করবেন। বিদেশ মন্ত্রক জানিয়েছে, এই সফর ভারত-বেলজিয়াম অংশীদারিত্ব আরও শক্তিশালী করার সুযোগ তৈরি করবে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চীন ওপেন ব্যাডমিন্টন টুর্নামেন্টে ভারতের কিদাম্বি শ্রীকান্ত আজ দ্বিতীয় রাউন্ডে পৌঁছেছেন। শেনঝেনে পুরুষদের সিঙ্গেলসের প্রথম রাউন্ডের ম্যাচে চিনা তাইপের চি ইউ জেনকে ২১-১৬, ২১-১৫ ব্যবধানে হারিয়ে দেন শ্রীকান্ত। পুরুষদের সিঙ্গেলসের অপর ম্যাচে, লক্ষ্য সেন, কানাডার ভিক্টর লাইয়ের কাছে ১৪-২১, ৭-২১ ব্যবধানে হেরে টুর্নামেন্ট থেকে ছিটকে গেছেন।

অন্যদিকে, থাইল্যান্ডের টনাকর্ন সাইহেং এবং টনিচা সাইহেংকে ২১-৮, ২১-৯ ব্যবধানে হারিয়ে পরবর্তী রাউন্ডে পৌঁছেছে ভারতের মিক্সড ডাবলসের ধ্রুব কপিলা ও তনিষা ক্রাস্টো জুটি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের আবহাওয়া দপ্তর ছত্তিশগড় , পূর্ব মধ্যপ্রদেশ এবং উত্তরাখন্ড এর কিছু বিচ্ছিন্ন অংশে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের কমলা সতর্কতা জারী করেছে। এছাড়া অরুণাচল প্রদেশ , আসাম , মেঘালয় , বিহার , হরিয়ানা , চন্ডীগড় , এবং দিল্লিতে ও আজ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। একই ধরণের আবহাওয়া বজায় থাকবে হিমাচল প্রদেশ , ঝাড়খন্ড , নাগাল্যান্ড , মণিপুর , মিজোরাম , মণিপুর ত্রিপুরা , ওড়িশা , পাঞ্জাব , উত্তরপ্রদেশ , বিদর্ভ , পশ্চিমবঙ্গ , সিকিম , ও পশ্চিম মধ্যপ্রদেশে । আইএমডি জানিয়েছে অন্ধ্রপ্রদেশ, তেলেঙ্গানা,রয়ালসীমা, কর্ণাটক ও তামিলনাডুর উপকূলীয় এলাকায়

বিক্ষিপ্ত বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ,অন্যদিকে কর্ণাটকের উপকূলীয় অঞ্চলে বৃষ্টিপাতের সম্ভাবনা ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০